“মেহেরপুরে কিং ব্র্যান্ড সিমেন্ট ও বসুন্ধরা সিমেন্টের এর শুভ হালখাতা ” অনুষ্ঠিত

আড়ম্বরপূর্ণ পরিবেশে মেহেরপুর জেলার শহরের প্রাণকেন্দ্রে জিএন এন্টারপ্রাইজের দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের কিং ব্র্যান্ড সিমেন্ট ও বসুন্ধরা সিমেন্টের এর শুভ হালখাতা ১৪৩০ অনুষ্ঠিত হয়।

গতকাল বৃহস্পতিবার দুপুরে কিং ব্র্যান্ড সিমেন্ট ও বসুন্ধরা সিমেন্টের এর পরিবেশক মেসার্স আসিফ এন্টারপ্রাইজ ও জি.এন এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকারী মোঃ মো: গোলাম মোর্শেদ (চন্দন) ও মো: গোলাম শহীদ এর নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠানে শুভ হালখাতা অনুষ্ঠানের এই আয়োজন করা হয়।

মোঃ গোলাম শহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত হালখাতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের কিং ব্র্যান্ড সিমেন্ট এর জেনারেল ম্যানেজার মো: আব্দুল লতিফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বসুন্ধরা সিমেন্ট এর ডেপুটি জেনারেল ম্যানেজার পলাশ আক্তার।
এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কিং ব্র্যান্ড সিমেন্টের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার মো: জিয়াউর রহমান, খুলনা ডিভিশনাল ম্যানেজার সুমন চন্দ্র কর, ডিভিশনাল ম্যানেজার জাফরুল ইসলাম, এরিয়া ম্যানেজার মুশফিকুর রহমান, এরিয়া ম্যানেজার মাহফুজুর রহমান, টেরিটরি সেলস ম্যানেজার তামজীদ আহমেদ ও টেরিটরি সেলস ম্যানেজার মাসুদ সালাউদ্দিন।

মেসার্স আসিফ এন্টারপ্রাইজ ও জিএন এন্টারপ্রাইজ এর পরিবেশক মোঃ গোলাম মোরশেদ (চন্দন) ও গোলাম শহীদ এর আয়োজনে উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন রিটেইলার বৃন্দ, বিশিষ্ট ব্যবসায়ী বৃন্দ এবং স্থানীয় ঠিকাদার বৃন্দ।

এই অনুষ্ঠানে কিং ব্র্যান্ড সিমেন্ট ও বসুন্ধরা সিমেন্ট এর গুণগত মান এবং ধারাবাহিক ঐতিহ্য সহ বাংলাদেশের উন্নয়নশীল প্রকল্পে কিং ব্র্যান্ড সিমেন্ট এর অবদান তুলে ধরা হয় ।

উক্ত অনুষ্ঠানে রিটেইলার বৃন্দ দেরকে পুরস্কার বিতরণ করা হয় এবং মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়।